

## বাংলাদেশ ২০১৩ এর ছড়া - ১

মোহাম্মদ আবদুর রায়শাক

সরকার আর বিরোধী দল গদীর লড়াই করে;  
হরতাল আর বিক্ষোভেতে দেশের মানুষ মরে।

শাহবাগেতে তরুণরা চায় রাজাকারের ফাঁসী-  
সরকারী দল মহাজোটের ওষ্ঠে ফোটে হাসি,  
বলে 'তোরা চলিয়ে যা, আমরা আছি সাথে';  
ঘাদানিক আর আঁতেলরা ও কঠ মেলান তাতে।  
উচ্চকণ্ঠ ব্লগার, যাদের লেখনী ক্ষুরধার,  
লেখার মাঝে জ্বালেন আলো, ঘুচান অন্ধকার।  
শ্লোগান কন্যা, গায়ক, বাদক, শিল্পী, সাংবাদিক  
অভিনেতা, নাট্যকর্মী, তাকিয়ে নির্নিমিত্ত  
একান্তরের চেতনাকে নিয়ে বুকুর মাঝে  
শাহবাগে আওয়াজ তোলে সকাল, দুপুর সাঁঝে।

জামাত-শিবির, বি এন পি কয় 'এ যে সর্বনেশে  
কান্ড, একে রুখতে হবে, নইলে অবশেষে  
তখতে বসার স্বপ্ন দূরের বাদ্য রয়ে যাবে,  
নির্বাচনে হার নিশ্চিত, কে তারে আটকাবে?  
চিন্তা কর সবাই মিলে, ঘামাও মাথাখানা,  
কি করলে কি হতে পারে দরকার তা জানা।  
হরতালে আর হচ্ছেনা কাজ, মানুষ রেগে কাঁই  
ভাবো নতুন ছল, কৌশল; নতুন কিছু চাই।

"ইউরেকা, ইউরেকা, বুদ্ধি পাওয়া গেছে  
পরের কাঁধে অস্ত্র রেখে আমরা নেচে নেচে  
মারবো গোলা, মরবে মানুষ, অন্য হবে দোষী,  
বি এন পি আর জামাত-শিবির আমরা হব খুশী।  
নতুন নতুন দল বানিয়ে ঢুকে তাদের মাঝে,  
মারবো মানুষ, মারবো পুলিশ সকাল দুপুর সাঁঝে।  
মরেই যদি হাজার মানুষ, তেমন কি আর হবে?'  
আমরা গদী ফিরে পাবো সন্ত্রাসী গৌরবে।"

সরকার কয় গদী আমার, আমার কথাই আইন  
আমার হুকুম মানবে না যে করব তারে 'ফাইন'।  
শাহবাগের তরুণরাতো ফেললো ঝামেলায়-  
এদেরকে সাইজ করতে হবে, নইলে বিষম দায়।  
ভোটের হিসেব সবার আগে, অন্য হিসেব পরে,  
মতিঝিলের হুজুর-সভার মানুষ গুনতি করে  
সরকারী দল এই বুঝেছেন এ ভোট পেতে হলে  
ফেলতে হবে কিছু তরুণ ব্লগার অথৈ জলে।  
নাস্তিকতার লেবেল মাথায় কিছু তরুণ প্রাণ  
ধুকছে এখন কোন সে কারায়, শান্ত, লবেজান।

ভোট ব্যাংক কি বাড়লো তাতে? সময় বলে দেবে।  
মহাকালের হিসেব ভিন্ন, সব হিসেব সে নেবে।

ঢাকা, এপ্রিল ৯, ২০১৩